# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৯৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৭৭]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ বাজারের মসজিদে নামায পড়া

باب الصَّلاَةِ فِي مَسْجِدِ السُّوقِ

আরবী

ـ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ قَالَ صَلاةُ الْجَمِيعِ تَزِيدُ عَلَى صَلاتِهِ فِي بَيْتِهِ وَصَلاتِهِ فِي سُوقِهِ خَمْسًا وَعِشْرِينَ دَرَجَةً، فَإِنَّ أَحَدَكُمْ إِذَا تَوَضَّأَ فَأَحْسَنَ الوضُوءَ، وَأَتَى الْمَسْجِدَ لا يُرِيدُ إِلا الصَّلاةَ لَمْ يَخْطُ خَطْوَةً إِلا رَفَعَهُ اللَّهُ بِهَا دَرَجَةً وَحَطَّ عَنْهُ خَطِيئَةً حَتَّى يَدْخُلَ الْمَسْجِدَ، وَإِذَا دَخَلَ الْمَسْجِدَ، كَانَ فِي صَلاةٍ مَا كَانَتْ تَحْبِسُهُ، وَتُصَلِّي يَعْنِي عَلَيْهِ الْمَلائِكَةُ مَا دَامَ فِي مَجْلِسِهِ الَّذِي يُصَلِّي فِيهِ: اللَّهُمَّ اغْفِرْ لَهُ، اللَّهُمَّ ارْحَمْهُ، مَا لَمْ يُحْدِثْ فِيهِ

বাংলা

২৯৫) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ ঘরে একাকী এবং বাজারে একাকী নামায পড়ার চেয়ে মসজিদে জামাআতের সাথে নামায পড়ার ছাওয়াব পঁচিশগুণ বেশী। তোমাদের কেউ যখন পরিপূর্ণরূপে অযু করে নামাযের নিয়তে মসজিদে আসবে, তখন মসজিদে প্রবেশের পূর্ব পর্যন্ত প্রতিটি পদক্ষেপের বিনিময়ে আল্লাহ তাআলা তাঁর জন্য একটি মর্যাদা বাড়িয়ে দিবেন এবং একটি গুনাহ ক্ষমা করে দিবেন। মসজিদে প্রবেশ করে যতক্ষণ সে নামাযের অপেক্ষায় থাকে ততক্ষণ সে নামাযেই থাকে (তাঁর জন্য ছাওয়াব লেখা হতে থাকে)। সে নামাযের স্থানে যতক্ষণ বসে থাকে ততক্ষণ ফেরেশতাগণ তাঁর জন্য এ দু’আ করতে থাকেনঃ হে আল্লাহ! আপনি তাকে ক্ষমা করুন, হে আল্লাহ! আপনি তাঁর উপর রহমত নাযিল করুন। অযু নষ্ট না হওয়া পর্যন্ত ফেরেশতাগণ তাঁর জন্য এ দু’আ করতে থাকেন।

## English

To offer As-Salat (the prayers) in a mosque situated in a market

Narrated Abu Huraira:

The Prophet (ﷺ) said, "The prayer offered in congregation is twenty five times more superior (in reward) to the prayer offered alone in one's house or in a business center, because if one performs ablution and does it perfectly, and then proceeds to the mosque with the sole intention of praying, then for each step which he takes towards the mosque, Allah upgrades him a degree in reward and (forgives) crosses out one sin till he enters the mosque. When he enters the mosque he is considered in prayer as long as he is waiting for the prayer and the angels keep on asking for Allah's forgiveness for him and they keep on saying: 'O Allah! Be Merciful to him, O Allah! Forgive him, as long as he keeps on sitting at his praying place and does not pass wind.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89593

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন